



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০১.১৪-১ ৫ ৩ ১

তারিখ: ২৯ কার্তিক, ১৪২৯  
১৪ নভেম্বর, ২০২২

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব আজমল হোসেন পৌর নির্বাহী কর্মকর্তা (নেড়াইল পৌরসভায় বদলির আদেশাধীন এবং সাবেক পৌর নির্বাহী কর্মকর্তা, ঝিনাইদহ পৌরসভা) ঝিনাইদহ পৌরসভার হিসাবরক্ষক জনাব মোঃ মকলেচুর রহমানের সহযোগিতায় বিভিন্ন সময়ে মোট ৩৮ (আটত্রিশ)টি চেকের মাধ্যমে ৭৪ লক্ষ ৫৮ হাজার ৮২ টাকা অবৈধভাবে উত্তোলন করে আত্মসাৎ করেন যা তদন্তে প্রমাণিত হয় এবং বর্ণিত অভিযোগের বিষয়ে তার সংশ্লিষ্টতা হিসাবরক্ষক জনাব মোঃ মকলেচুর রহমান স্বীকার করেন;


যেহেতু, তার উপর্যুক্ত কার্যকলাপ পৌরসভা কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০(খ) ও (চ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, পৌরসভা কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪৬(১) অনুযায়ী বিধি ৪০ বা ৪১ এর অধীনে কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের দায়ে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা থাকিলে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে;

যেহেতু, পৌরসভা কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০(খ) ও (চ) অনুযায়ী তার বিরুদ্ধে উপর্যুক্ত অভিযোগের দায়ে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা রয়েছে মর্মে সরকার মনে করে;

সেহেতু, পৌরসভা কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪৬(১) অনুযায়ী জনাব আজমল হোসেন পৌর নির্বাহী কর্মকর্তা (নেড়াইল পৌরসভায় বদলির আদেশাধীন এবং সাবেক পৌর নির্বাহী কর্মকর্তা, ঝিনাইদহ পৌরসভা)-কে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

০২। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
(মো: আব্দুর রহমান)  
উপসচিব  
ফোন: ০২৯৫১৪১৪২

নং-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০১.১৪-১ ৫ ৩ ১/১ (২)

তারিখ: ২৯ কার্তিক, ১৪২৯  
১৪ নভেম্বর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। মেয়র, ঝিনাইদহ পৌরসভা, ঝিনাইদহ।
- ০৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। জনাব আজমল হোসেন, পৌর নির্বাহী কর্মকর্তা (নেড়াইল পৌরসভায় বদলির আদেশাধীন)।
- ০৯। অফিস কপি।

  
(মো: আব্দুর রহমান)  
উপসচিব